

মমতাজ স্মৃতি পাঠাগার

MAMOTAJ SMRITI LIBRARY

শনিবার ২১ ফেব্রুয়ারি ২০২৬ ০৮ ফাল্গুন ১৪৩২ ০৩ রমজান ১৪৪৭ হিজরী

বাংলার পরিবেশের প্রাণ ডাহকের ডাক শোনা যায় রাজধানী ঢাকায়

ভূপেন চন্দ্র বিশ্বাস ৥

বাংলার বিপন্ন জলজ পাখি 'ডাহক'। একদা গ্রাম-গঞ্জের ঝোপ-ঝাড় বা জঙ্গলে প্রকাশ্যে দিবালোকে ঘুরে বেড়াতে এ পাখি। ডাহকের কলতানে সন্ধ্যা ও সু-প্রভাতে মানুষের অনুভূতি জাগাতে নতুন প্রেরণা। লোকসংখ্যা বৃদ্ধির পাশাপাশি বন-জঙ্গল কমে যাওয়া ও জলবায়ুর প্রভাবে এখন আর আগের মতো ডাহক বা বন্যা প্রাণী সচরাচর চোখে পড়ে না। বিলাসবহুল জলাভূমি একদা ডাহক, কোড়া, জলপিপিসহ বিভিন্ন ধরনের বন্য পাখিতে মুখরিত থাকতো। যা শীতের অতিথি পাখি হিসেবেও খ্যাতি পেয়েছে। তারপরও প্রকৃতি ও পরিবেশবাদীদের জন্য সুখবর হলো ডাহক বেঁচে আছে রাজধানীতে, অবাধে ঘুরে বেড়াচ্ছে। পরিবেশের ভারসাম্য রক্ষায় ডাহক রক্ষায় সবাইকে সচেতন হওয়া একান্ত বাঞ্ছনীয়। নির্জনতা এ ধরনের পাখির খুব বেশি পছন্দ। মানুষ না থাকলেই এরা ঝোপ থেকে জলাভূমিতে খাবার খেতে নেমে আসে। জলাভূমি সংলগ্ন ঝোপ-ঝাড়, জঙ্গল প্রভৃতি উজার হওয়ার কারণে বহু জীববৈচিত্র্যের অস্তিত্ব আজ হুমকির মুখে। শুধু আবাসস্থল



ধ্বংসের কারণেই আমাদের প্রকৃতি থেকে কমে যাচ্ছে ডাহক। গ্রামবাংলার জলাভূমিতে আগের মতো চোখে পড়ে না বন্য পশু-পাখি। প্রাকৃতিক জলাভূমি এদের প্রধান আশ্রয়স্থল। পুকুর, খাল, বিল, নদীর বাঁক প্রভৃতি জায়গাগুলো তাদের প্রিয়। ডাহক জল বা জলাভূমি এলাকায় ঘুরে ঘুরে খাবার সংগ্রহ করে। হঠাৎ বিপদের আশঙ্কা দেখলেই নিজেকে দ্রুত ঝোপের আড়ালে

নুকিয়ে ফেলে। পানিপূর্ণ বিলের শাপলা-পদ্মর ফাঁকে ফাঁকে দিব্যি দাঁড়িয়ে থাকতে বা লুকাতে পারে সে। কচুরিপানার ওপর দৌড়ঝাঁপ দিতে পারে অনায়াসে। বর্ষা মৌসুমে এদের তুলনামূলকভাবে বেশি দেখা যায়। তবে ১০/১৫ বছরের ব্যবধানে ডাহক এখন বিপন্ন প্রাণির তালিকায়। তারমধ্যে প্রকৃতি ও বন্যপ্রাণী প্রেমীদের জন্য সুখবর হলো ঢাকার ৩ পৃষ্ঠায় দেখুন

মমতাজ স্মৃতি পাঠাগার



মমতাজ স্মৃতি পাঠাগারের সভাপতি ও বাংলাদেশ মেস সংঘের মহাসচিব আয়্যাতুল্লাহ আকতারের নেতৃত্বে বিগত বছরের ন্যায় একুশে ফেব্রুয়ারি ২০২৬ রাতের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদমিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন।

জাতীয় গ্রন্থদিবস পালিত

বাংলাদেশে প্রতি বছর ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' হিসেবে পালিত হয়। বই পড়ার অভ্যাস বৃদ্ধি, গ্রন্থাগারের গুরুত্ব প্রচার এবং জ্ঞানভিত্তিক সমাজ গঠনের লক্ষ্যে ২০১৭ সালে এই দিবসটি পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১৯৫৪ সালের ৫ ফেব্রুয়ারি কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির ভিত্তিক প্রস্তর স্থাপনের দিনটিকে স্মরণীয় করে রাখতে এ দিনটি নির্ধারণ করা হয়েছে।

এ বছর ২০২৬ সালের ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' শ্লোগান ছিল "জ্ঞানই মুক্তি, আগামীর ভিত্তি"। এ শ্লোগানকে ধারণ করে মমতাজ স্মৃতি পাঠাগার "জাতীয় গ্রন্থ দিবস পালন করেছেন। একই সঙ্গে পাঠাগারের উদ্যোগে বরিশালের চিরায়ত রেওয়াজ রাইত্তা শিল্পির উৎসব পালন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- আলোচকবৃন্দ পাঠাগারের উদ্যোগে বিভিন্ন দিবস পালন, সামাজিক সচেতনতা বৃদ্ধির কার্যক্রম ও আলোচনা সভার কর্মসূচিতে স্বাগত জানানো হয়। পাশাপাশি সরকারের আনুকূল্যে পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার আলোকে গ্রাম গঞ্জে আরো নতুন নতুন পাঠাগার স্থাপনের সমাজের সচেতন মহলকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে।

বিশ্বের ৮ জন প্রাকৃতিক শ্রেষ্ঠ ডাক্তার

প্রবাদ বাক্য : পৃথিবীর ৮ জন শ্রেষ্ঠ ডাক্তার মানুষকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করেন। তারা হলেন: ১. সূর্যের আলো ২. ভাল ঘুম ৩. সন্তোহে এক দিন উপবাস থাকা ৪. পর্যাপ্ত পরিমাণ বিশুদ্ধ পানি পান ৫. সর্বদা হাসিখুশি থাকা ৬. সকালের বিশুদ্ধ হাওয়া ৭. নিয়মিত ব্যায়াম এবং ৮. স্বাস্থ্যকর খাবার। দেশের প্রশাসনিক প্রাণ কেন্দ্র ঢাকা। আর ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনস (ডিএসসিসি)র যাত্রাবাড়ী এলাকার স্বাস্থ্যকর স্থান হিসেবে খ্যাতি পেয়েছে ওয়াপদা কলোনী। এ কলোনীতে স্থানীয় স্বাস্থ্য সচেতন মানুষ প্রভাত/সন্ধ্যাকালীন ভ্রমণের পাশাপাশি শরীর চর্চায় মগ্ন হন। দীর্ঘ দিন যাবৎ হাঁটা চলার পাশাপাশি ব্যায়াম করার সুবাধে অনেকের সঙ্গে পরম আত্মীয়তার বন্ধনের সম্পর্ক বিদ্যমান। দু' এক দিনের অনুপস্থিতিতে একে অপরের অনুসন্ধান শুরু করেন।



এ ছাড়াও সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠানে একে অপরের নিমন্ত্রণ বা ধাওয়া দিয়ে আমন্ত্রণ পত্র বিনিময়ও করেন। যাত্রাবাড়ীর ওয়াপদা কলোনীতে চলাচলকারী স্বাস্থ্য সচেতন মানুষের একটি গ্রুপ ছবি। কোন এক প্রত্যুষে প্রভাতের সূর্যের আলোতে যাত্রাবাড়ীর ওয়াপদা কলোনীর প্রত্যাহিক চলাচলকারী স্বাস্থ্যসচেতন কয়েকজন মানুষের গ্রুপ ছবিটি ধারণ করেছেন মো. মনির হোসেন ওরফে মনির ভাই।

এলআরএফ'র সঙ্গে শ্রীমঙ্গলের গহীন জঙ্গলে ৩ দিন ও ২ রাত



৥ আয়্যাতুল্লাহ আকতার ৥

ভ্রমণ একটি আনন্দ দায়ক ইবাদত। শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে ভ্রমণ একান্ত অপরিহার্য। বুঝ শক্তি হওয়ার পর থেকেই দেশ-বিদেশে দেখা বা জানার অগ্রহের পরিসমাপ্তি নেই। সময়

সুযোগ পেলেই দেশে বিদেশে ঘুরতে যাই। আর ঘুরতে যাওয়া বা ভ্রমণের সুবাধে প্রতিবেশী দেশ ভারতের অরুনাচল প্রদেশের দুর্গম এলাকা তাওয়ান শহরে গিয়ে বিশেষ পাস ইস্যুতে প্রতারকের কবলে পড়ে ১২ দিন ১২ রাত ৩ পৃষ্ঠায় দেখুন

যত্নসহকারে বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক দন্তসেবা কেন্দ্র

ডেন্টাল কেয়ার
১৬, শহীদ ফারুক সড়ক
(পার্শ্ব ঘাটা এর পূর্ব পশের বিত্নি)
যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪।

ডেন্টিস্ট ডাঃ মোঃ আরিফুল ইসলাম
বি.ভি.এ (মুখ ও দন্ত চিকিৎসক)
রোগী দেখার সময়:
সকাল ৯ টা থেকে দুপুর ১ টা
বিকাল ৪.৩০ টা থেকে রাত ১০ টা
মোবাইল: ০১৭১০০৭৯২৮৪



অমর একুশে

মহান শহীদ দিবস

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে

সকল ভাষা শহীদ ও ভাষা সৈনিকদের প্রতি আমাদের গভীর

শ্রদ্ধাঞ্জলি

আমার ভাষার রক্তে রাঙানো এই দুই তে ফেব্রুয়ারি আত্মিক ভূমিতে শরি



সোনালী ব্যাংক পিএলসি
বিস্তৃত ও স্মার্ট
www.sonali.com.bd